দৈনিক সংবাদ

তারিখ ... APR. 1 0 1999
পৃষ্ঠা ৬ কলাম ৬

150

ছাত্র ইউনিয়ন রাঃ বিঃ সংসদ

# দু'শিক্ষককে বরখাস্ত না করায় উদ্বেগ

রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ নানা অনিয়ম, দুর্নীতি ও অপকর্মের অভিযোগে অভিযুক্ত রাজশাহী বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের সাবেক সভাপতি মোহাম্মদ আবদুস সালাম এবং আইন বিভাগের, বর্তমান সভাপতি আ ফ ম মহসিনকে অবিলম্বে বরখাস্ত করার দাবি করেছে ছাত্র ইউনিয়ন রাঃ বিঃ সংসদ।

সংসদের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ফারুক আহমেদ স্বাক্ষরিত (গত ৮ই এপ্রিল) এক বিবৃতিতে ওই দু'জন শিক্ষকের বিরুদ্ধে দীর্ঘদিন আগে উত্থাপিত অভিযোগের পরও তাদেরকে কর্তৃপক্ষ বরখাস্ত না করায় উদ্বেগ প্রকাশ করে বলা হয়, অবিলম্বে শিক্ষকদ্বয়কে বরখাস্ত করা না হলে ছাত্র ইউনিয়ন বৃহত্তর আন্দোলন গড়ে তুলতে বাধ্য হবে।

বিবৃতিতে পূর্ব নির্ধারিত আগামী ২২শে এপ্রিলেই রাকসু নির্বাচন অনুষ্ঠানেরও দাবি করা হয়।

উল্লেখ্য, সহকারী অধ্যাপক আবদুস সালামের বিরুদ্ধে ভর্তি পরীক্ষায় অনিয়ম, দুর্নীতি, উৎকোচ গ্রহণ, নারী কেলেংকারির অভিযোগ রয়েছে। আইন বিভাগের সভাপতির বিরুদ্ধে আর্থিক অনিয়ম, জালিয়াতিসহ নানা অপকর্মের লিখিত অভিযোগ আনেন একই বিভাগের প্রবীণ শিক্ষক অধ্যাপক এম বদরউদ্দিন।